

সিডনীতে সিরাজুস সালেকিন এর একক অনুষ্ঠান



শিল্পী সিরাজুস সালেকিন সপরিবারে সিডনীতে আছেন প্রায় ১৭ বছর। আসার পর থেকেই জড়িয়ে গেছেন বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে। গড়ে তুলেছেন নিজের সংগঠন প্রতীতি। বছরের পর বছর ধরে আয়োজন করেছেন বর্ষবরণ, রবীন্দ্র-নজরুল জয়ন্তী, বিজয় দিবস, সহ নানা অনুষ্ঠানের। এর মধ্যে মিতা হক এবং রেজওয়ানা চৌধুরী বন্যা'র একক

অনুষ্ঠানও আছে। সবই হয়েছে, হয়নি শুধু তার নিজের একক অনুষ্ঠানটি। গত ২৮শে জানুয়ারী ২০১২ কয়েকজন ভক্ত মিলে আয়োজন করেছিলো শিল্পী সিরাজুস সালেকিন এর সেই বহু প্রতীক্ষিত একক সঙ্গীত সন্ধ্যা।

অনুষ্ঠানের শুরুতে সিরাজুস সালেকিন এর শিল্পী জীবনের ওপর বক্তব্য রাখেন সুরভী ছন্দা। শিল্পী অনুষ্ঠান শুরু করলেন রজনীকান্ত সেন এর - আমি অকৃতি অধম বলে ও তো কিছু কম করে মোরে দাওনি। প্রথম পর্বে তিনি গেয়েছেন রজনীকান্ত, রবীন্দ্রনাথ, নজরুল এবং ডি এল রায়ের গান। এই পর্বের শেষ গানটি ছিলো - দিনের শেষে ঘুমের দেশে ঘোমটা পরা ওই ছায়া, ভুলালো রে ভুলালো মোর প্রাণ। সালেকিন এর দরাজ কণ্ঠে অপূর্ব লাগছিল গানটি শুনতে।

আধা ঘন্টা বিরতির পর শুরু হলো দ্বিতীয় পর্ব। এই পর্বে ছিল হারানো দিনের গান। হেমন্ত মুখোপাধ্যায়, শ্যামল মিত্র, পিন্টু ভট্টাচার্য, কিশোর কুমার, মান্না দে, সুপ্রভা সরকার, আব্দুল জব্বার, মাহামুদুন নবী এবং তার বাবা আব্দুল লতিফের গানে গানে মাতিয়ে রেখেছিলেন তিনি শ'দুয়েক দর্শকে। দর্শকদের বেশ কিছু অনুরোধের গানও তিনি পরিবেশন করেন।

অনুষ্ঠানে শিল্পীকে সহযোগিতা করেছেন তবলায় রাশেদুল কবীর, গিটারে হাসান জাহিদ ও কী-বোর্ডে বাংলাদেশের প্রখ্যাত সুরকার আজাদ রহমানের বড় মেয়ে রুমানা।

